**কবিতা/গল্প প্রকাশ**

সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ
EI YUG

"ওঠো , জাগো , লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না "
- স্বামী বিবেকানন্দ



ইন্টারনেট সংস্করণ : eiyug.in [ PRICE। মূল্য-2 টাকা ]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 27 JUNE 2025 , FRIDAY । ২৭ জুন ২০২৫ , শুক্রবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-315 PAGE । পৃষ্ঠা-4


## আলিপুরদুয়ারে ২৫ কোটি টাকার প্রকল্পের উদ্বোধন করলেন মন্ত্রী




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ জুন : আলিপুরদুয়ার শহর সহ জেলার বিভিন্ন প্রান্তে উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করলেন। বিভিন্ন প্রকল্পের উদ্বোধনকে কেন্দ্র করে আলিপুরদুয়ার জেলা ছিল এদিন সরগরম। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের মন্ত্রী উদয়ন গুহ বৃহস্পতিবার আলিপুরদুয়ার জেলায় প্রায় ২৫ কোটি টাকার একাধিক পরিকাঠামো ও নাগরিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করেন , যা এই অঞ্চলের বিকাশে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে দেখা হচ্ছে। এই প্রকল্পগুলোর মধ্যে রয়েছে বহু প্রতীক্ষিত সরকারি অর্থে নির্মিত সুইমিং পুলের কাজের সূচনা (আলিপুরদুয়ার পৌরসভার ১৮ নম্বর ওয়ার্ডে), ঐতিহাসিক শামুকতলা হাটের আধুনিকীকরণ , এবং তিনটি বিধানসভা কেন্দ্রে মোট সাতটি নতুন রাস্তার নির্মাণকাজের সূচনা।জেলা সফরের সময় সাংবাদিকদের মুখোমুখি হয়ে মন্ত্রী গুহ বলেন , "জেলা সদর আলিপুরদুয়ারে সুইমিং পুল তৈরির দাবি দীর্ঘদিনের। আজ সরকারি অর্থে প্রায় ৫ কোটি টাকার বাজেট নিয়ে সেই কাজ শুরু হলো। আগামী এক বছরের মধ্যেই এই প্রকল্প শেষ করার লক্ষ্য নেওয়া হয়েছে।"শামুকতলা , যা জেলার অন্যতম প্রাচীন বসতি হিসেবে পরিচিত , সেখানে শতাব্দীপ্রাচীন হাটটিকে আধুনিক রূপে সাজানো হয়েছে। প্রায় ৩ কোটি টাকা ব্যয়ে এই হাটে ২২টি নতুন শেড এবং পেভার ব্লক দিয়ে নির্মিত একটি প্রশস্ত উঠান তৈরি হয়েছে , যার ফলে প্রায় ২৫০ জন ব্যবসায়ী সারা বছর আরামে ব্যবসা করতে পারবেন।এই দিনের অনুষ্ঠানে মন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বড়াইক , আলিপুরদুয়ার বিধায়ক সুমন কাঞ্জিলাল ,জেলা পরিষদের সভাধিপতি স্নিগ্ধা শৈবা সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ।

## উদ্ধার পনেরো ফুটের অজগর



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , জলপাইগুড়ি , ২৬ জুন : জলপাইগুড়ি জেলার নাগরাকাটা ব্লকের বামনডাঙ্গা চা বাগানের টুন্ডু ডিভিশন থেকে একটি পনেরো ফুট দৈর্ঘ্যের বিশাল অজগর সাপ উদ্ধার করলেন বন দপ্তরের খুনিয়া রেঞ্জের কর্মীরা। জানা গেছে স্থানীয় এক বাসিন্দার একটি ছাগল আস্ত গিলে পেট ঢোল করে অজগরটি চা বাগানের একটা ঝোপের মাঝে গুটি মেরে বসেছিলো। চা বাগানের শ্রমিকরা বিশাল আকারের অজগরটিকে দেখতে পেয়ে খবর দেন বন দপ্তরের খুনিয়া রেঞ্জের কর্মীদের। খবর পেয়ে বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে অজগরটিকে উদ্ধার করে নিয়ে আসেন। তারা জানান অজগরটিকে পর্যবেক্ষনে রেখে পরবর্তীতে বনে ছেড়ে দেওয়া হবে। বিশাল আকারের অজগর উদ্ধারের ঘটনায় ব্যপক চাঞ্চল্য সৃষ্টি হয়েছে এলাকায়।

## আন্তর্জাতিক মাদক বিরোধী দিবসে জেলাপুলিশের উদ্যোগে দিনভর নানা কর্মসূচি




নিজস্ব সংবাদদাতা , এই যুগ , কোচবিহার , ২৬ জুন : জুন মাসের ছাব্বিশ তারিখ বিশ্বজুড়ে পালিত হয় আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস। কোচবিহার জেলা পুলিশ এদিন সকাল থেকেই নানান কর্মসুচীর মাধ্যমে আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস পালন করে। এদিন সকালে খাগড়াবাড়ি মড় থেকে মাদকের বিরুদ্ধে সচেতনতামূলক সাইকেল র‍্যালি আয়োজিত হয়। র‍্যালির শুভ সূচনা করেন জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য। উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার কৃষ্ণগোপাল মীনা সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন। এরপর পুলিশ লাইন হাসপাতাল প্রাঙ্গনে আয়োজিত হয় বৃক্ষ রোপন কর্মসূচি। কোচবিহার কোতোয়ালি থানার উদ্যোগে শহরের রবীন্দ্র ভবনে আয়োজিত হয় স্কুল ছাত্র ছাত্রীদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান। এই অনুষ্ঠান মঞ্চে জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য কয়েকজন ব্যক্তিকে সম্বর্ধনা জ্ঞাপন করেন যারা নেশার কবল থেকে মুক্ত হয়ে সুস্থ জীবনে ফিরে এসেছেন। জেলা পুলিশ সুপার জানান এদিন জেলার প্রতিটি থানা এলাকায় থানার উদ্যোগে মাদক বিরোধী সচেতনতা শিবির আয়োজিত হয়েছে।

## আন্তর্জাতিক মাদক বিরোধী দিবসে সচেতনতামূলক অনুষ্ঠান ফালাকাটায়




সুকুমার রঞ্জন সরকার , এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ জুন : প্রতি বছর জুন মাসের ছাব্বিশ তারিখ বিশ্ব জুড়ে পালিত হয় আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস রূপে। আলিপুরদুয়ার জেলার ফালাকাটা ব্লক প্রশাসনের উদ্যোগে ফালাকাটায় আয়োজিত হয় আন্তর্জাতিক মাদক বিরোধী দিবসের অনুষ্ঠান। এদিনের অনুষ্ঠানের শুরু হয় এলাকার স্কুল পড়ুয়াদের নিয়ে র‍্যালি। তারপর পথনাটকের মাধ্যমে মাদকের কুফল সম্পর্কে সচেতনতার বার্তা দেওয়া হয়। ছবি একে রঙ তুলির ছোয়ায় মাদকের অপব্যবহার ও কুফল বিষয়ে সাধারন মানুষকে সচেতনতার বার্তা দেন স্থানীয় চিত্রশিল্পীরা। ব্লক প্রশাসন সুত্রে জানা গেছে শুধু মাদকের অপব্যবহার নয় অবৈধ মানব পাচার বিষয়েও সচেতনতার বার্তা দেওয়া হয়েছে সর্বসাধারনকে।

## জেলার কথা

# দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে প্রাণে বাঁচলেন যাত্রীরা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ জুন : ভয়াবহ সংঘর্ষে প্রাণে বাঁচলেন যাত্রীরা। তবে আহত সংখ্যা অনেক। যদিও প্রাথমিকভাবে জানা গেছে আহত এর সংখ্যা কম করে ৩০ জন। দুটি বেসরকারি যাত্রীবাহী বাসের মুখোমুখি সংঘর্ষ জখম হয়েছেন বাসে থাকা যাত্রীরা। ঘটনাটি ঘটেছে ফালাকাটা ব্লকের গয়াবনগর গ্রাম পঞ্চায়েত বগড়িবাড়ী সংলগ্ন ফালাকাটা-ধুপগুড়ি সড়কে। সংঘর্ষের পরেই স্তব্ধ হয়ে যায় চান চলাচল। জানা গেছে একটি বাস শিলিগুড়ি থেকে বারবিশা- রামপুরে ফিরছিল এবং অপর বেসরকারি বাসটি আলিপুরদুয়ার থেকে জলপাইগুড়ি দিকে যাচ্ছিল। হঠাৎ মুখোমুখি সংঘর্ষে দুমরে-মুচরে যায় দুটি গাড়ির সম্মুখভাগ। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় ফালাকাটা থানার পুলিশ। বেশ কয়েকজন যাত্রী গুরুতর জখম হলে তাদেরকে ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে আসে চিকিৎসার জন্য এবং বাকি সকলকে গয়াবানগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসার পর অ্যাম্বুলেন্স করে বাড়িতে পৌঁছে দেওয়া হয়। জখম ব্যক্তিদের গোবাননগর গ্রাম পঞ্চায়েতের মহিলা কর্মীরা প্রাথমিক চিকিৎসায় সহায়তা করে। এই ঘটনার জেরে বেশ কিছুক্ষণ বন্ধ থাকে যান চলাচল। এদিকে দুর্ঘটনার খবর মুহূর্তের মধ্যে ছড়িয়ে পড়তেই বারবিশা রামপুর থেকে শুরু করে বিভিন্ন এলাকার বাসিন্দারা চিন্তায় পড়ে যান। এ বেসরকারি বাসে প্রতিদিন কামাখ্যাগুড়ি বারবিশা জোড়াই রামপুর এলাকার প্রচুর যাত্রী থাকে। দুর্ঘটনায় আহত হয়েছেন অনেকেই তবে তাদের নাম জানা যায়নি। ফালাকাটা থানার পুলিশ এবং বিভিন্ন দপ্তরের প্রশাসনিক কর্তারা দুর্ঘটনার খবর পাওয়ায় পড়েই হাসপাতালে পৌঁছান। পুলিশ গাড়ি দুটিকে উদ্ধার করে আনবে বলে জানিয়েছে।

## কাগজের নৌকা

২৭ জুন ২০২৫ , শুক্রবার

### ইচ্ছা

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর ,পশ্চিমবঙ্গ )

জীবন যে বড় কঠিন , বড্ড-জ্বালায় যে জ্বলে ,
ইচ্ছা-গুলো যে তীব্র জ্বালায় ,
পাতাল- তলে ও হুল ফুটায় ,
মনটা যে আজ আগ বাড়িয়ে ,
ব্যথা গুলোকে বড্ড জাগায় ,
না পাওয়ার খাতায় এসে ,
লাটা-গুড়িতে সুতো গোটায়।
বেড়েই চলেছে কখন যে ঘুন ,
ধরেছে শুকনা হৃদয়ের পাতায় ,
মন চাইলেই যায় না পাওয়া ,
জীবনের সমস্ত এগিয়ে যাওয়ার ,
পথ যে বড়ই ভয়ঙ্কর ,
চাঙ্গড় খসে পড়া সব ভাবনার ই দেওয়াল ,
দুর্বল যে ভিত সৃষ্টির সাধন ,
ধ্বংস সাধন ব্যর্থ হয় যে জিৎ।
জীবনের এইখানে প্রশ্নগুলোর উত্তর নেই জানা ,
জীবন যে বড় কঠিন ,
মগজে তাই তো দেয় হানা।
তীব্র গামী জীবন ইঞ্জিন , সময় করে না ছোটে,
ট্রেন সময় ইঞ্জিন ছুটে ,
আনন্দ নুড়ি হাতরে বেড়ায় ,
যতটুকু কপালে জোটে।।

# আগুনের হাত থেকে বাঁচলেন শামুকতলার ব্যবসায়ীরা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ জুন : ভয়াবহ দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেল শামুকতলা দুর্গাবাড়ি এলাকার ব্যবসায়ীরা। শর্ট-সার্কিটে আগুন লাগার পর এলাকার বাসিন্দাদের তৎপরতায় আগুন আয়ত্তে আনা হয়েছে জানা গেছে বৃহস্পতিবার বেলা তিনটা নাগাদ। বৃহস্পতিবার বেলা আড়াইটা নাগাদ হঠাৎই দুর্গা বাড়ি এলাকায় মা মনোহরা স্টুডিও থেকে ধোঁয়া বের হতে দেখা যায়। মুহূর্তের মধ্যেই ব্যবসায়ী এবং বাসিন্দারা দোকানের মালিকে ডেকে এনে দোকানে ঢুকে আগুন আয়ত্তে আনার চেষ্টা করে। যদিও কিছুক্ষণের মধ্যেই এলাকার ব্যবসায়ী এবং স্থানীয় বাসিন্দাদের তৎপরতায় আগুন নিভাতে পেরেছেন তারা। তবে প্রাথমিক ভাবে মনে হচ্ছে শর্ট সার্কিট থেকেই এই আগুন সৃষ্টি হয়েছিল। শামুকতলা দুর্গাবাড়ি এলাকায় ব্যবসায়ীর দোকানে আগুন লাগার পরেই আবারো শামুকতলায় দমকল কেন্দ্র স্থাপন নিয়ে নানারকম কথা উঠে আসছে ব্যবসায়ীদের মধ্যে থেকেই।

# আলিপুরদুয়ার হাসপাতালে কংগ্রেসের অবস্থান



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ জুন : জেলা হাসপাতলে এসে দরকারের কাজে সুপারকে না পাওয়ায় দীর্ঘক্ষন যাবত বসে থাকতে হচ্ছে রোগীদের আত্মীয় পরিজনকে এমনকি হাসপাতালে জন্মগত সার্টিফিকেট নেওয়ার সময়ও হয়রানির শিকার হতে হচ্ছে বলে অভিযোগ করলেন রোগীর আত্মীয় পরিজনরা। আর এই বিষয় নিয়েই এবার হাসপাতাল সুপারের ঘরের সামনে অবস্থান বিক্ষোভ কর্মসূচিতে শামিল হল জেলা কংগ্রেস নেতৃত্ব।

# দক্ষিণ রামপুরে যুবকের ঝুলন্ত দেহ উদ্ধার




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ জুন : বৃহস্পতিবার কুমারগ্রাম ব্লকের বারবিশার দক্ষিণ রামপুর এলাকায় বাড়ি থেকে এক যুবকের ঝুলন্ত দেহ উদ্ধার হল। জানা গিয়েছে, মৃতের নাম সুমন দাস, ২৭। এদিন সকালে বাড়ির ঘরে তাকে ঝুলন্ত অবস্থায় দেখেন পরিবারের সদস্যরা। খবর দেওয়া হয় বারবিশা ফাঁড়ির পুলিশকে। পুলিশ ওই বাড়িতে এসে সুমনের ঝুলন্ত দেহ উদ্ধার করে। একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। ওই যুবকের অকালমৃত্যুতে গ্রামে শোকের ছায়া নেমে এসেছে। এদিন আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে দেহের ময়নাতদন্ত হয়েছে।



# আলিপুরদুয়ারে সুইমিং পুলের শিলান্যাস করলেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ




সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার , ২৬ জুন : আলিপুরদুয়ারে একটি অত্যাধুনিক সুইমিং পুল নির্মান কাজের শিলান্যাস করলেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ। বৃহস্পতিবার বিকালে এই শিলান্যাস করেন মন্ত্রী। তিনি জানান আলিপুরদুয়ারে একটি অত্যাধুনিক সুইমিং পুল নির্মান করার জন্য আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল এর তৎপরতা উল্লেখ্য। উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ বলেন এই সুইমিংপুলটি নির্মানে সাড়ে তিন কোটি টাকা মঞ্জুর করেছে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর। শিলান্যাস অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বরাইক , আলিপুরদুয়ার জেলা পরিষদের সভাধিপতি স্নিগ্ধা শৈব, আলিপুরদুয়ার এর জেলাশাসক আর বিমলা , মহকুমাশাসক দেবব্রত রায় , বিধায়ক সুমন কাঞ্জিলাল , প্রাক্তন বিধায়ক সৌরভ চক্রবর্তী, জে ডি এ চেয়ারম্যান গঙ্গাপ্রসাদ শর্মা, মাদারীহাটের বিধায়ক জয়প্রকাশ টপ্পো ,আলিপুরদুয়ার পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর , আলিপুরদুয়ার জেলা পরিষদের মেন্টর মৃদুল গোস্বামী সহ নির্বাচিত কাউন্সিলর গন। বিধায়ক সুমন কাঞ্জিলাল জানান সুইমিং পুলটি আলিপুরদুয়ার পৌরসভার আঠারো নম্বর ওয়ার্ডে নির্মিত হবে। আলিপুরদুয়ার বাসীর দীর্ঘদিনের দাবি ছিলো একটি সুইমিং পুলের , এবার সে দাবী পূরণ হতে চলেছে। সুইমিং পুল নির্মান কাজ শুরু হওয়ায় খুশী আলিপুরদুয়ারবাসী।

# আলিপুরদুয়ার সার্কিট হাউজে জাতীয় পতাকা নিয়ে বিতর্ক




মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার , ২৬ জুন : আলিপুরদুয়ার জেলা শহরে জাতীয় পতাকা নিয়ে বিতর্ক তুঙ্গে উঠেছে। জেলার প্রশাসনিক ভবন সার্কিট হাউজে জাতীয় পতাকা উল্টো করে তোলা হয়েছে। উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী এবং রাজ্যসভার সাংসদের উপস্থিতির মধ্যেই আলিপুরদুয়ার সার্কিট হাউজে উল্টো করে জাতীয় পতাকা উড়ছে। হেলদোল নেই প্রশাসনের।অন্যদিকে এই উল্টো পতাকা লাগানো নিয়ে গুরুত্ব দিতে নারাজ মন্ত্রী উদয়ন গুহ। বৃহস্পতিবার আলিপুরদুয়ার সার্কিট হাউজে উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ এবং রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বড়াইক , বিধায়ক সুমন কাঞ্জিলাল সহ চেয়ারম্যান প্রসেনজিৎ কর সহ একঝাঁক তৃণমূল কংগ্রেস নেতাদের সাথে বৈঠক সারেন। সূত্রের পাওয়া খবর অনুযায়ী আলিপুরদুয়ার জেলার বিভিন্ন প্রান্ত সহ শহরের ১৮ নং ওয়ার্ডে সুইমিংপুল সহ একগুচ্ছ রাস্তার শিলান্যাস করতেই মন্ত্রী উদয়ন গুহ আলিপুরদুয়ারে এসেছেন। এরপর তিনি সার্কিট হাউজে বিশ্রাম করার পাশাপাশি রাজসভার সাংসদ এবং বিধায়ক,চেয়ারম্যান সহ একঝাঁক তৃণমূল কংগ্রেস নেতাদের সাথে বৈঠক সারেন। এরপর সাংবাদিকদের মুখোমুখি তে এই উল্টো জাতীয় পতাকা নিয়ে প্রশ্ন করা হলে তিনি এই বিষয় বলেন " সার্কিট হাউজে জাতীয় পতাকা যারা উল্টো করে লাগিয়েছে এটা তাদের ব্যার্থতা। এটা নিশ্চয়ই মুখ্যমন্ত্রী, জেলাপ্রশাসন বা পৌরসভার চেয়ারম্যান লাগায়নি। যদিও তিনি এ কথা বলতে গিয়ে অনেকটাই হতচকিত হয়ে যান"। অন্যদিকে জেলা বিজেপির সভাপতি মিঠু দাস বলেন " যারা জাতীয় পতাকা সঠিক করে লাগাতে পারেনা।তারা সরকার কি করে চালাবে?এই কারনে পশ্চিমবঙ্গ ধূলিস্যাৎ হচ্ছে।পশ্চিমবঙ্গের ঐতিহ্য নষ্ট হচ্ছে।পশ্চিমবঙ্গে মা বনেরা সন্মান পাচ্ছেনা।এই সরকার সংবিধানকে সন্মান করেনা।"স্বাভাবিক ভাবেই সার্কিট হাউজের মতো এই গুরুত্বপূর্ণ জায়গায় উল্টো পতাকা লাগানোকে কেন্দ্র করে গোটা জেলায় শোরগোল পড়ে গিয়েছে।

# দড়ি দিয়ে বেঁধে রাখার অভিযোগে গ্রেপ্তার এক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ জুন : থানু পাড়ায় সুদের টাকা দিতে না পারায় একই পরিবারের চারজনকে বাড়িতে নিয়ে গিয়ে বেঁধে রাখার অভিযোগে দিলীপ রায় নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছিল ভাটিবাড়ি ফাঁড়ির পুলিশ। বৃহস্পতিবার তাকে আদালতে পাঠানো হয় জানিয়েছেন শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে বেলা তিনটা নাগাদ। বৃহস্পতিবার বেলা দুটা নাগাদ অভিযুক্তকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠায় পুলিশ। তার বিরুদ্ধে বিভিন্ন ধারায় মামলা শুরু হয়েছিল পুলিশের পক্ষ থেকে। এমনকি তার বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের হয়েছিল নিরীহ পরিবারের পক্ষ থেকে। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের ভাটি বাড়ী গ্রাম পঞ্চায়েতের অধীন থানু পাড়া এলাকায় একই পরিবারের চারজনকে সুদের টাকা মেটাতে না পারায় বাড়ি থেকে তুলে নিয়ে গিয়ে দিলীপ রায়ের বাড়িতে বেঁধে রাখার ঘটনায় গোটা জেলা জুড়ে নিন্দার ঝড় বইছিল। শতকরা কুড়ি টাকা হারে সুদের ব্যবসা করেন দিলিপ রায়ের পরিবার। এর আগেও দিলীপ রায়ের বিরুদ্ধে ওই এলাকার এক ব্যক্তির চোখ নষ্ট করার অভিযোগ দায়ের হয়েছিল। এমনকি সেই মামলা এখনো বিচারাধীন। বুধবার আবার এক মহিলা সহ চারজনকে বেঁধে রাখার ঘটনায় নিন্দার ঝড় বইছে আলিপুরদুয়ার জেলা জুড়ে। তবে আদালতে বিচারক তাকে জামিন দিয়েছেন কিনা তা স্পষ্টভাবে বলতে পারেনি পুলিশ।



EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।